[redacted]

[redacted]

মেহেরপুরে মুক্তিযোদ্ধা সন্তান সংসদ কমান্ড কাউন্সিলের মানববন্ধন

সরকারী চাকুরির ক্ষেত্রে ৩০% মুক্তিযোদ্ধা পরিবারের কোটা, আবেদনের সময়সীমা ৩৫ বছর, সম্মানী ভাতা ৫০ হাজার টাকা বৃদ্ধি সহ ৭ দফা দাবিতে মেহেরপুরে মানববন্ধন কর্মসূচী পালন করেছে মুক্তিযোদ্ধা সন্তান সংসদ কমান্ড কাউন্সিল।

সোমবার সকাল সাড়ে ১০ টার দিকে জেলা প্রশাসকের কার্যালয়ের সামনের সড়কে এ কর্মসূচী পালন করা হয়।

জেলা মুক্তিযোদ্ধা সন্তান সংসদ কমান্ড কাউন্সিল কমিটির সভাপতি আব্দুস সালামের নেতৃত্বে মানববন্ধনে অংশ নেন সাধারণ সম্পাদক কবিরুল ইসলামসহ জেলার মুক্তিযোদ্ধা পরিবারের সন্তান ও মুক্তিযোদ্ধারা।

এ সময় বক্তারা বলেন দেশ স্বাধীনে যাদের গুরত্বপূর্ণ ভূমিকা ছিলো তারা আজ বড়ই অবহেলিত।অনেকের নামে মামলা হামলা হচ্ছে। অথচ তাদের বিচার হচ্ছেনা।

তারা আরও বলেন, মুক্তিযোদ্ধা সংসদ নির্বাচনে সকল শহীদ ও বীর মুক্তিযোদ্ধা পরিবারের মধ্য থেকে জৈষ্ঠতার ভিত্তিতে অন্তঃত একজনকে ভোটাধিকার প্রয়োগের সুযোগ দিতে হবে। জাতীয় সংসদে কমপক্ষে তাদের ৫০ টি সংরক্ষিত আসন সৃষ্টি করতে হবে।

বীর মুক্তিযোদ্ধাদের মৃত্যুর পর তার স্ত্রী অথবা মুক্তিযোদ্ধাদের নাতি নাতনীর নামে ভাতা চালুরও দাবি জানান তারা।

সেলাই মেশিনে হাঁসি ফুটলো বিধবা নারী শিল্পীর মুখে

সেলাই মেশিন দিয়ে নিঃসন্তান বিধবা নারী শিল্পী খাতুনের মুখে হাঁসি ফোটালেন মানবাধিকার নামক একটি সংস্থা ।

রবিবার সন্ধ্যায় সংস্থাটির কর্মকর্তারা কোটচাঁদপুরের মুক্তি যোদ্ধা কমপ্লেক্স থেকে মেশিনটি তুলে দেন ওই নারীর হাতে।

জানা যায়, মোছাঃ শিল্পী খাতুন। বয়স ৩৯ বছর। বাড়ি ঝিনাইদহের কোটচাঁদপুর পৌরসভাধীন বড়বামনদহ গ্রামে। স্বামী ছিলেন দিন মজুর লিটন হোসেন। গেল ১ বছর হল স্ট্রোক জনিত কারনে তাঁর মৃত্যু হয়। সেই থেকে বিধবা নারী শিল্পী খাতুন জীবকার জন্য বেছে নেন নকশি ক্যাথার কাজ। এ থেকে যা আয় হত,তাতে দিন চলত না তাঁর। কোন দিন খেয়ে আবার না খেয়েও দিন পার করত সে।

আর বসবাসের জন্য আছে,একটি টিন সেডের একটা ঘর। সামান্য বৃষ্টি হলেই টিনের ছিদ্র দিয়ে বৃষ্টির পানিতে ঘর আর ঘরের আসবাবপত্র ভিজে যেত। বিষয়টি নিয়ে বেশ কয়েকটি পত্রিকায় সংবাদ প্রকাশিত হয়। ওই সংবাদটি দৃষ্টিগোচর হয় ন্যাশনাল হিউম্যান রাইটর্সএন্ড হেলথ কেয়ার সোসাইটি কোটচাঁদপুর শাখার সভাপতি রেজাউল করিমের। তিনি পাশে দাঁড়িয়েছেন অসহায় ওই নারী শিল্পী খাতুনে। হাতে তুলে দিয়েছেন তাঁর স্বপ্নের সেলাই মেশিনটি।

শিল্পী খাতুন জানান,স্বামী মৃত্যুর পর কোন রকম বেচে আছি। নিজের শরীরও বেশি ভাল না। এরপরও বেচে থাকতে কিছু করতে হবেই। তাই নকশি কাঁথার কাজ করতাম। তা থেকে যা পেতাম,সেটা দিয়ে কিছুই হত না।

তিনি বলেন, আমার একটা ইচ্ছে ছিল,যদি কেউ আমার একটা সেলাই মেশিন দিত। তাহলে কাজ করে আমার বাকি জীবনটা ভাল ভাবে চালাতে পারতাম। আজ আমার সে ইচ্ছে পূরন হয়েছে। মেশিন পেয়ে শিল্পী খুব খুশি হয়েছেন। দোয়া করেছেন সংস্থার সংশ্লিষ্ট কর্তাব্যক্তিদের জন্য।

এ সময় উপস্থিত ছিলেন, ন্যাশনাল হিউম্যান রাইটর্সে এন্ড হেলথ কেয়ার সোসাইটি কোটচাঁদপুর শাখার সভাপতি রেজাউল করিম, সাধারণ সম্পাদক এ্যাডঃ আশরাফুল ইসলাম, সহসভাপতি আশরাফুজ্জামান,সহসাধারণ সম্পাদক আনোয়ার চৌধুরীকে তুহিন, কোষাধ্যক্ষ মঈন উদ্দিন

খান,দপ্তর সম্পাদক আব্দুল্লাহ বাশার,সাংবাদিক রমজান আলী,মোঃ রশিদুল ইসলাম,সৌকত আলী অংকুর,রোকনুরজ্জামান প্রমুক।

মা হারালেন জেলা পরিষদের সাবেক চেয়ারম্যান গোলাম রসুল

মা হারালেন মেহেরপুর জেলা পরিষদের সাবেক চেয়ারম্যান ও মেহেরপুর চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রি‘র সভাপতি হাজী গোলাম রসুল।

আজ সোমবার (১০ অক্টোবর) বেলা সাড়ে ১১ টায় মেহেরপুর শহরের হোটেল বাজার জামে মসজিদের সামনে নামাজে জানাজা শেষে পৌর কবরস্থানে দাফন করা হয়েছে।

মৃত্যুকালে জাবেদা খাতুনের বয়স হয়েছিল বছর। তার ৬ ছেলে ৭ মেয়েসহ অসংখ্য গুণগ্রাহী রয়েছে।

জবেদা খাতুনের জানাজাতে উপস্থিত ছিলেন, মেহেরপুরে-১ আসনের সাবেক সংসদ সদস্য মাসুদ অরুন, জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও ও গাংনী উপজেলা চেয়ারম্যান এম এ খালেক, মেহেরপুর পৌরসভার মেয়র মাহফুজুর রহমান রিটন, সদর উপজেলা চেয়ারম্যান অ্যাডভোকেট ইয়ারুল ইসলাম, মুজিবনগর উপজেলা চেয়ারম্যান জিয়ার উদ্দিন বিশ্বাস, গাংনী উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোখলেসুর রহমান সহ সর্বস্তরের মানুষ জানাযা ও দাফনে অংশগ্রহণ করেন।

এর আগে ভোরের দিকে জবেদা খাতুন শহরের মল্লিক পাড়াস্থ নিজ বাসভবনে ইন্তেকাল করেন।

হরিণাকুণ্ডুুতে এক যুবক খুন

ঝিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলার ৪ নং দৌলতপুর ইউনিয়নের সাবেক চেয়ারম্যান সাবদার রহমানের ভাতিজা হাফিজ (৪০) নামের এক যুবককে খুন করেছে দূর্বীত্তরা।

সে উপজেলার রিশখালী গ্রামের সোহরাব হোসেনের ছেলে। নিখোঁজের পাঁচদিন পর হাফিজের অর্ধগলিত লাশ উদ্ধার করেছে থানা পুলিশ। নিহত হাফিজুর রহমান উপজেলার ৪নং দৌলতপুর ইউনিয়নের রিশখালী গ্রামের সোহরব হোসেন(সোরাফ উদ্দিন) বড় ছেলে।

রবিবার দুপুর ১২ঘটিকায় কেষ্টপুর চরেরমাঠ এলাকায় একদল মাছ ধরা দলের মধ্যে মান্নান পিতা ইব্রাহিম নামের একজন পানির মধ্যে একটি মোবাইল ফোন পান। ফোন পাওয়ার পর জনমনে সন্দেহ সৃষ্টি হলে মনে পড়ে গত বুধবার ৫ই অক্টোবর স্থানীয় দশমাইল বাজার থেকে হারিয়ে যান হাফিজ। পরে পুলিশে খবর দিলে পুলিশ ঘটনাস্থলে পৌছে স্থানীয়দের সহায়তায় হাফিজের লাশ উদ্ধার করে বলে জানিয়েছেন স্থানীয়রা।

এব্যাপারে হরিণাকুণ্ডু থানা অফিসার ইনচার্জ(ওসি) মোহাম্মদ সাইফুল ইসলাম জানান,গত ৫ই অক্টোবর হাফিজুর রহমান নামের এক ব্যাক্তি হারিয়ে গেলে তাঁর পরিবারের পক্ষ থেকে সাধারণ ডায়রি করেন।

রবিবার দুপুর ১২ ঘটিকায় স্থানীয়রা খালে মাছ ধরতে গেলে একটি মোবাইল ফোন পেয়ে সন্দেহ করে পুলিশে খরব দিলে পুলিশ ঘটনাস্থলে উপস্থিত হয়ে স্থানীয়দের সহযোগিতায় লাশ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য মর্গে পাঠানো হয়েছে।

মেহেরপুর জেলা জাতীয় ছাত্র সমাজের কর্মী সভা

সোমবার সকালে মেহেরপুর জেলা জাতীয় পার্টি প্রধান কার্যালয়

কাথুলী বাস স্ট্যান্ডে এই কর্মী সভার আয়োজন করা হয়।

সাবেক ছাত্রনেতা মোঃ রনি হোসেনের সভাপতিত্বে এবং পৌর জাতীয় পার্টি সদস্য সচিব মোঃ হামিদুল ইসলাম এর সঞ্চালনায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জাতীয় পার্টি কেন্দ্রীয় নির্বাহী কমিটির যুগ্ন ছাত্র বিষয়ক সম্পাদক ফয়সাল দিদার দিপু।

প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন জাতীয় ছাত্র সমাজ কেন্দ্রীয় নির্বাহী কমিটির সাধারণ সম্পাদক মোঃ আল মামুন, বিশেষ বক্তা হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা জাতীয় পার্টি আহ্বায়ক মোঃ আব্দুল হাদী, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা জাতীয় পার্টি সদস্য সচিব সুমন পারভেজ, গাংনী উপজেলা জাতীয় পার্টি সভাপতি মোঃ বাবুল হোসেন, পৌর জাতীয় পার্টি আহ্বায়ক মোঃ আব্দুল মান্নান, গাংনী উপজেলা জাতীয় পার্টি সাধারণ সম্পাদক জান মোহাম্মদ মিন্টু, গাংনী উপজেলা জাতীয় পার্টি সিনিয়র সহ-সভাপতি মোঃ কেতাব আলী মাস্টার, জাতীয় ছাত্র সমাজ কেন্দ্রীয় নির্বাহী কমিটির সমাজ কল্যাণ সম্পাদক জাকির হুসাইন বাবু, সদর উপজেলা জাতীয় পার্টি সভাপতি (ভারপ্রাপ্ত) খিলাফত আলী, জাতীয় ছাত্র সমাজ কেন্দ্রীয় নির্বাহী কমিটির সদস্য নেহাল হোসেন নিলয়, জাতীয় ছাত্র সমাজ রংপুর জেলা শাখার যুগ্ম আহবায়ক ছামিউল ইসলাম শুভ উপস্থিত ছিলেন।

মেহেরপুর জেলা জাতীয় পার্টি প্রধান কার্যালয়ে মেহেরপুর জেলা জাতীয় ছাত্র সমাজের কমিটি গঠন করা হয়।

এ সময় আহ্বায়ক হিসেবে মনোনীত হলেন মোঃ রনি হোসেন, যুগ্ন আহবায়ক হিসেবে মনোনীত করা মোঃ মাহফুজুর রহমান, মোঃ উজ্জল, আতিয়ার রহমান এবং আব্দুল্লাহ আল ফাহিমকে সদস্য সচিব হিসাবে মনোনীত করা হয়।

কার্পাসডাঙ্গায় সরকারি জমি দখল

[redacted]

[redacted]

[redacted]

[

মুজিবনগর আম্রকাননে ব্যাক্তিগত উদ্যোগে বৃক্ষরোপন কর্মসূচী

“গাছ লাগান পরিবেশ বাঁচান” মুক্তিযুদ্ধের স্মৃতি বিজড়িত ঐতিহাসিক মুজিবনগর আম্রকাননকে বাঁচিয়ে রাখার প্রত্যয়ে মরহুম বীর মুক্তিযোদ্ধা দাউদ শেখ এর পুত্র বৃক্ষ প্রেমিক জহির শেখ প্রতি বছরের ন্যায় এবছরেও ঐতিহাসিক মুজিবনগর।

আম্রকাননে মরে যাওয়া গাছের স্হানে এবং পরিত্যেক্ত জায়গায় ব্যাক্তিগত উদ্যোগে বৃক্ষরোপন কর্মসূচীর উদ্বোধন করা হয়েছে। বৃক্ষরোপণ কর্মসূচি উদ্বোধন অনুষ্ঠানে বীর মুক্তিযোদ্ধা লুৎফুর রহমানের সভাপতিত্বে, মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এ বৃক্ষ রোপন কর্মসূচির উদ্বোধন করেন,

এ সময় বিশিষ্ট সমাজসেবক ও যুবনেতা হাসানুজ্জামান লালটু, মোনাখালী ইউনিয়ন পরিষদের সদস্য ডালিম এবং উপজেলার বীর মুক্তিযোদ্ধা বৃন্দ উপস্থিত ছিলেন। প্রতিবছরের ন্যায় এ বছরেও নিজস্ব অর্থায়নে ও ব্যক্তিগত উদ্যোগে জহির শেখ ৪০টি হিমসাগর আমের চারা রোপন করবেন। তিনি রোপিত গাছগুলোকে বাঁচিয়ে রাখার জন্য সকল শ্রেণী পেশার মানুষের কাছে বিনীত অনুরোধ ও সহযোগীতা কামনা করেন।

গাংনীতে প্রবাস ফেরতের কারাদন্ড

গাঁজা সেবন ও রাখার অভিযোগে মিলন হোসেন (২৮) নামের এক প্রবাস ফেরতকে ১ মাসের বিনাশ্রম কারাদন্ড দিয়েছে ভ্রাম্যমান আদালতের

নির্বাহী ম্যাজিস্ট্রেট।

আজ রবিবার (৯ অক্টোবর) দুপুরের দিকে নির্বাহী ম্যাজিস্ট্রেট ও গাংনী উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানম তাকে এই কারাদন্ডাদেশ দেন।

মিলন হোসেন গাংনী উপজেলার তেরাইল বাজারপাড়া এলাকার দলিম উদ্দীনের ছেলে।

ভ্রাম্যমান আদালত সূত্রে জানা গেছে, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮ এর ৩৬(১) ধারায় দোষী সাবস্থ হওয়ায় মিলন হোসেনকে এক মাসের বিনাশ্রম কারাদন্ড দেওয়া হয়েছে।

এর আগে সকালের দিকে সীমান্তবর্তি তেঁতুলবাড়িয়া সীমান্ত থেকে ৪৭ বিজিবির তেঁতুলবাড়িয়া ক্যাম্পের একটি টহল দল গাঁজা সেবন ও সংরক্ষণের অভিযোগে তোকে আটক করে। পরে উপজেলা নির্বাহী অফিসারের ভ্রাম্যমমান আদালতে নিলে তাকে এই কারাদন্ড দেন তিনি।

ঝিনাইদহ শিশু একাডেমীর উদ্যোগে ঈদে-মিলাদুন্নবী (সাঃ) পালন

বাংলাদেশ শিশু একাডেমী, ঝিনাইদহের উদ্যোগে পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী (সাঃ)- ২০২২ উপলক্ষে প্রতিযোগিতা, আলোচনা সভা, পুরস্কার বিতরণী ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

রবিবার শিশু একাডেমী কমপ্লেক্স মিলনায়তনে জেলা শিশু বিষয়ক কর্মকর্তা মোঃ আয়ূব হোসেন এর সভাপতিত্বে ও পরিচালনায় ঝিনাইদহের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের অংশগ্রহণে ক্বেরাত, হামদ/নাত ও রচনা প্রতিযোগীতার আয়োজন করা হয়। প্রতিযোগীতা শেষে পুরস্কার বিতরণী অনুষ্ঠানে উপস্থিত প্রধান অতিথি অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মোঃ সেলিম রেজা পুরস্কার প্রাপ্তদের হাতে পুরস্কার তুলে দেন।